

কাওলার আবাসিক এলাকা পরিদর্শনে বেবিচক চেয়ারম্যান

- A Monitor Desk Report

Date: 18 August, 2024



ঢাকাঃ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মঞ্জুর কবীর ডুইয়া কাওলার আবাসিক এলাকা পরিদর্শন করেছেন।

শনিবার (১৭ আগস্ট) কাওলার আবাসিক এলাকা পরিদর্শনে যান তিনি।

এসময় বেবিচক চেয়ারম্যান শিশু পার্ক, বিভিন্ন ধরনের কোয়ার্টার, কাওলার বাজার, স্কুল, হেলিপ্যাড এলাকা, মসজিদ, মন্দির, কবরস্থান, নিরাপত্তা বেটনসহ বিভিন্ন স্থান পরিদর্শন করেন।

পরিদর্শনের সময় বেবিচক চেয়ারম্যান কাওলার আবাসিক এলাকায় বসবাসকারী কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে কথা বলেন এবং তাদের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবগত হন। এসময় তিনি বিদ্যমান সমস্যাগুলো সমাধানে সংশ্লিষ্ট শাখার সঙ্গে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আশ্বাস দেন। এ ছাড়া চেয়ারম্যান কাওলার আবাসিক এলাকার নিরাপত্তা জোরদার, বেবিচকের কর্মকর্তা ও কর্মচারীদের আবাসিক পরিসর বৃদ্ধিসহ অন্যান্য উন্নয়নের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

পরিদর্শনের সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), সদস্য (প্রশাসন), সদস্য (অর্থ), প্রধান প্রকৌশলী, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এর নির্বাহী পরিচালক, পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ) সহ বেবিচকের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা।

-B